[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা জেলা কারাগার সূত্রে জানা যায়, তিনি চুয়াডাঙ্গা সদর থানার ৯ জানুয়ারি ২০১৬ তারিখের এসটিসি-৪৭৪/১৮, জিআর ৪৯/১৬, ৩০২পিসি ধারার আসামি। গত ৬ অক্টোবর ২০২১ তারিখে চুয়াডাঙ্গা জেলা কারাগারে তাকে প্রেরণ করা হয়। কারাগারেই বৃহস্পতিবার বিকেল পৌনে পাঁচটার দিকে তিনি হৃদরোগে আক্রান্ত হন। এসমর কর্তব্যরত কারারক্ষীরা তাঁকে দ্রুত উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নেয়। এসময় জেলা কারাগারের কর্তব্যরত চিকিৎসক ডা. মশিউর রহমান জরুরি বিভাগে উপস্থিত হয়ে পরীক্ষা নিরীক্ষা করে তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গা জেলা কারাগারের জেল সুপার (অ.দা.) ও সহকারি কমিশনার বিএম তারিক উজ-জামান মৃত্যুর সতত্যা নিশ্চিত করে বলেন, বিষয় আমি শুনেছি। ডেথ সার্টিফিকেট এখনো হাতে পায়নি। তবে কারাগারের মেডিকেল অফিসারের দেওয়া তথ্য মতে তিনি স্ট্রোক করে মারাগেছেন।

গাংনীতে চোরাচালান, আইন-শৃঙ্খলাসহ বিভিন্ন কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলা চোরাচালান ও আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে চোরাচালান ও আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, আইন শৃঙ্খলা কমিটির উপদেষ্টা ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সভাপতি, মেহেরপুর- গাংনী আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

বিশেষ অতিথি ছিলেন, গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান ও আইন শৃঙ্খলা কমিটির উপদেষ্টা এবং জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম,এ

খালেক, গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রাশেদুল হক জুয়েল,মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াছমিন, জাতীয় পার্টি জেপি নেতা আব্দুল হালিম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে সাহিদুজ্জামান খোকন আইন শৃঙ্খলা সভায় বলেন, আইন শৃঙ্খলা পরিস্থিতি আগের তুলনায় অনেক ভাল রয়েছে। তবে ইদানিং আবারও দৃর্বৃত্তরা মাথাচাড়া দিয়ে শৃঙ্খলা নষ্ট করতে চাচ্ছে। সেদিকে পুলিশ বাহিনীকে সজাগ থাকতে হবে।

এসময় অন্যান্যদের মধ্যে উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান, বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু, উপজেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার আমিরুল ইসলাম, বিজিবির কোম্পানী কমান্ডার,র্যাব-৬,গাংনী ক্যাম্পের ডিএডি,ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম সহ সরকারী কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, সোহেল আহমেদ,মশিউর রহমান, আঃ রাজ্জাক,ওবাইদুর রহমান কমল,গোলাম সাকলায়েন ছেপু,নাজমুল হুদা বিশ্বাস,সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় চোরাচালান ও আইন শৃংখলা পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করা হয়।সীমান্তে মাদক নির্মূলে এবং রাস্তায় ইটভাটার মাটি, বাল্য বিবাহ প্রতিরোধ সহ নানা পরিস্থিতি নিয়ে আলোচনা করা হয়।

ফলোআপ :: মুক্তিযোদ্ধার টাকা ছিনতাইকারী কালুর বিরুদ্ধে দ্রুত বিচার আইনে মামলা

মেহেরপুর শহরের স্টেডিয়ামপাড়ায় বীর মুক্তিযোদ্ধা বেগম সালেহার টাকা ছিনতাইয়ের অভিযোগে আটক কালু বিজ্ঞ আদালতে ফৌজদারী কার্যবিধি আইনের ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে।

আজ বৃহস্পতিবার (১০ ফেব্রুয়ারী) দুপুরে মেহেরপুর জৈষ্ঠ্য বিচারিক তারিক হাসান আদালতে জবানবন্দী দেন তিনি।

আটক কালু (৩২) মেহেরপুর শহরের ৯ নং ওয়ার্ডের গোরস্থানপাড়া এলাকার রবিউল ইসলামের ছেলে।অপর আসামী একই ওয়ার্ডের শিশুতলাপাড়া এলাকার মহিন ড্রাইভারের ছেলে রুবেল হোসেন পলাতক রয়েছে। তবে ছিনতাই হওয়া টাকা এখনো উদ্ধার করা সম্ভব হয়নি।

মেহেরপুর সদর থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত) সাজেদুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। পলাতক রুবেলকে গ্রেফতারে পুলিশের টীম অভিযান অব্যাহত রেখেছে বলেও জানান তিনি। আইনশৃংখলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ এর ৪ ধারায় ছিনতাই করার অপরাধে তাদের দুজনের বিরুদ্ধে মামলা হয়েছে। ৩০ দিনের মধ্যে মামলা নিষ্পত্তি করা হবে।

উল্লেখ্য, গতকাল বুধবার (৯ ফেব্রুয়ারী) মুক্তিযোদ্ধা বেগম সালেহা মেহেরপুর প্রধান ডাকঘর থেকে সঞ্চয়ের টাকা সংগ্রহ করে বাড়ীতে ফিরছিলেন। এ সময় কালু ও রুবেল নামের দুই ছিনতাইকারী তার হাতে থাকা ব্যাগটি ছিনিয়ে নিয়ে পালিয়ে যাচ্ছিল। মুক্তিযোদ্ধা বেগম সালেহার চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসেন। এসময় মেহেরপুর জেলা পুলিশের বিশেষ শাখার এসআই সোহেল এবং এসআই ইব্রাহিম স্থানীয়দের সাহায্যে কালুকে আটক করেন।

আটককৃত কালুর বিরুদ্ধে ডাকাতি ও ছিনতাইসহ বিভিন্ন অভিযোগে সদর থানায় একাধিক মামলা রয়েছে।

মেহেরপুর জেলা রোভারের ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত

মেহেরপুর জেলা রোভারের ত্রি-বার্ষিক কাউন্সিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল ১০ ফেব্রুয়ারি বিকেলে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বাংলাদেশ স্কাউটস মেহেরপুর জেলা রোভারের ত্রি-বার্ষিক কাউন্সিল

সভা অনুষ্ঠিত হয়েছে।
জেলা প্রশাসক পদাধিকার বলে সভাপতি, মেহেরপুর ছহিউদ্দীন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদ সম্পাদক ও প্রফেসর রফিকুল ইসলাম কমিশনার নির্বাচিত হয়েছেন।

সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ও মেহেরপুর জেলা রোভারের সভাপতি ড: মোহাম্মদ মুনসুর আলম খান। বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল এর প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা বিভাগীয় রোভার লিডার ট্রেনার প্রতিনিধি প্রফেসর শহিদুল ইসলাম এল,টি।

কাউন্সিল সভায় পদাধিকারবলে জেলা প্রশাসক মেহেরপুর কে সভাপতি ও সর্বসম্মতিক্রমে ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমেদকে সম্পাদক এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজ অধ্যক্ষ অধ্যাপক রফিকুল ইসলাম কে কমিশনার করে ২৯ সদস্য বিশিষ্ট জেলা রোভার এর নতুন কমিটি আগামী তিন বছরের জন্য গঠন করা হয়।

মেহেরপুরে আরও ২৩ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় নতুন আরও ২৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। আজ বৃহস্পতিবার জেলা স্বাস্থ্যবিভাগ এ তথ্য জানিয়েছে। ৯৭টি ফলাফলের মধ্যে ২৩টি পজিটিভ হয়েছে। এর মধ্যে সদরে ১৪, গাংনীতে ০৭ এবং মুজিবনগরে ০২ জন। এনিয়ে জেলায় বর্তমানে মোট ২৭৫ জন করোনা আক্রান্ত রোগী রয়েছেন। যার মধ্যে সদরে ১১৯, গাংনীতে ১১৩ এবং মুজিবনগরে ৪৩ জন।

শুরু থেকে জেলায় এ পর্যন্ত সর্বমোট আক্রান্তের সংখ্যা -৫ হাজার
২৯৫। এ যাবৎ মোট মৃত্যু ১৮৩ । এর মধ্যে সদরে ৮৪, গাংনীতে ৫৮ এবং মুজিবনগরে ৪১ জনের মৃত্যু হয়েছে।

ভিন্নসূত্রে পাওয়া আক্রান্তরা হলেন- মেহেরপুরের আলমপুরের জমিনা (৫২), রুদ্রনগরের সানারুল (৩২), ৫ নং ওয়ার্ডের নার্গিস (৫১), রঘুনাথপুরে জেসমিন আরা (৩২), সদর হাসপাতালের সাহানারা খাতুন

(২৭), উত্তর শালিকা চম্পা খাতুন (২০), ফতেপুরের আরিফন নেসা (২৫), ক্যাশ্ববপাড়ার খন্দকার সহিউল্লাহ (৬২), জাহানারা (৬০), রত্না (২৪), হোটেলবাজারের আবুল মমিন (৪৩), মল্লিকপাড়ার সাইয়েদা আক্তার (৩৩),চন্দ্রনগরের আক্তার জামান (৭২), সদর হসপিটালের জেসমিন আক্তার (৪৮), কবির হোসেন (৪০), তাঁতিপাড়ার মেহের নিগার(৯৫), গাংনী মটমুড়ার শহিদুল (৪৫), ধর্মচাকির রেজানুর (২১), বামন্দীর শাইলা(২৭), মুজিবনগর রশিকপুরের হামিদা খাতুন(৫৫), গোপালনগরের ময়জদ্দিন (৮০)।

গাংনীতে স্বামী-স্ত্রীকে গাছে বেঁধে মোটরসাইকেল ও সোনার চেইন ছিনতাই

মেহেরপুরের গাংনী উপজেলার বাঁশবাড়িয়া চিৎলা সড়কে স্বামী স্ত্রীকে গাছে বেঁধে মোটরসাইকেল ও সোনার চেইন ছিনতাই করেছে দূর্বৃত্তরা।

বুধবার দিবাগত দিবাগত রাত ১০ টার দিকে বাঁশবাড়িয়া চিৎলা সড়কের মাঝখানে এ ছিনতাইয়ের ঘটনা ঘটে।

চিৎলা গ্রামের ডিশ ব্যবসায়ী আরমান শেখ জানান, আমি আমার স্ত্রী ও ছোট শিশুকে নিয়ে গাংনী উপজেলা শহর থেকে গ্রামের (চিৎলা) দিকে যাচ্ছিলাম। মাঠের মাঝখানে মফিজুল ইসলামের ইটভাটার আদুরে আম বাগানের কাছে পৌছানো মাত্রই ওৎ পেতে থাকা ৬/৭ জনের একটি সংঘবদ্ধ ছিনতাইকারী দল আমার গাড়ির গতিরোধ করে। পরে আমাকে ও আমার স্ত্রীকে আম বাগানের মধ্যে নিয়ে গিয়ে গাছের সাথে বেঁধে ফেলে। আমার মোবাইল ফোন, স্ত্রী মিরার গলার চেইন, দুল ও মোটরসাইকেল নিয়ে পালিয়ে যায়। খবর পেয়ে স্থানীয়রা আমাদের উদ্ধার করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে পৌছায়। ছিনতাইকারী সনাক্ত ও তাদের গ্রেফতারে অভিযান চালানো হচ্ছে বিভিন্ন স্থানে।

গাংনীর কুমারীডাঙ্গাতে বিধবার হাত ভাঙলো প্রতিপক্ষ

নিজের জমিতে গাছ কাটাকে কেন্দ্র করে শামীমা নাসরিন (৫০) নামের এক বিধবা পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষের ভাড়াটিয়ারা।

আহত শামীমা নাসরিন গাংনী উপজেলার কুমারীডাঙ্গা গ্রামের মৃতু মাহাবুবুল আলমের স্ত্রী।

বুধবার (৯ ফেব্রুয়ারী) সকোলের দিকে তাকে পিটিয়ে একটি হাত ভেঙ্গে দেই তারা। এঘটনায় আহত শামীমা সুলতানা বাদী হয়ে ১১ জনের নাম উল্লেখ করে গাংনী থানায় একটি এজাহার দায়ের করেছেন।

তারা হলেন, গাংনী উপজেলার সিন্দুরকৌটা গ্রামের মৃত আব্দুল আজিজের ছেলে আমজাদ হোসেন, মৃত আকবর আলীর ছেলে ঝন্টু হোসেন, নায়েব আলীর ছেলে রতন হোসেন, মৃত ফকির মোহাম্মদের ছেলে কাফিরুল ইসলাম, সৈয়দ আলীর ছেলে ইব্রাহিম হোসেন, ইকবাল হোসেনের ছেলে ফারুক হোসেন, মৃতু রাজতুল আলীর ছেলে আরফিন হোসেন, মৃতু মহসিন আলীর ছেলে জিন্দার আলী, মৃত গনি মুন্সীর ছেলে মোহাম্মদ আলী, কুমারীডাঙ্গা গ্রামের মৃতু চেতন আলীর ছেলে মো: শুকুর আলী, অঅব্দুস সাত্তারের ছেলে মুকুল হোসেন, মৃতু মহসিন আলীর ছেলে মামুন হোসেন ও মারুফ হোসেন।

শামীমার ভাই স্কুল শিক্ষক শরিফুল ইসলাম জানান, আমার বোনের স্বামী মাহবুবুল আলম ৯৮ সালের দিকে ৬ বিঘা জমি আমার বোন শামীমা নাসরিন, ছেলে সালমান শামীম সজল ও মেয়ে সাবরিনা মাহবুব মিথিলাকে রেজিষ্ট্রি করে দেন। ওই জমি মা ও ছেলে মেয়ের নামে খারিজ, মিউটিশন করা হয়েছে। জমিতে বুধবার সকালের দিকে মেহগনি গাছ কাটতে গেলে বোনের ভাসুর মকলেচুর রহমান, দেবর মুন্নাফ হোসেন মামুনের নেতৃত্বে একদল ভাড়াটিয়া এসে মারপিট করে। গাছ কাটার জন্য ব্যবহৃত কুড়ালের উল্টো পিঠ দিয়ে আঘাত করাই আমার বোন শামীমা নাসরিনের একটি হাত চার স্থানে ভেঙ্গে গেছে। তাকে আহতাবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে প্রাথমিক চিকিৎসা দেন। পরে তার অবস্থা খারাপ হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড

করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্◌্র জরুরী বিভাগে দায়ীত্বরত চিকিৎসক পারভেজ জানান, তার হাতের উপরের অংশে ও একটি হাতের আঙ্গুল ভেঙ্গে হয়ে গেছে।

আহত শামীমা নাসরিন জানান, আমার স্বামীর দেওয়া জমি কুমারীডাঙ্গা মৌজার দাগ নং ২৯০,২৯১ এর ৪৯ শতক জমির মধ্যে ০৯.১৫ শতক জমিতে আমার মেহগনি বাগান আছে। ওই জমির মেহগনি গাছ লোক দিয়ে কাটছিলাম।হঠাৎ বিবাদীরা দেশীয় অস্ত্র ও লোহার রড, ধারালো অস্ত্র নিয়ে অর্তকিত হামলা করে আমাকে আহত করে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান এ সংক্রান্ত একটি অভিযোগ পাওয়া গেছে। প্রয়োজনীয় তদন্ত সাপেক্ষ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গার তিতুদহে নির্বাচন পরবর্তী সহিংসতা : মোটরসাইকেল ভাংচুর, ২ জন আটক, মহিলাসহ আহত ৬

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহের আড়িয়া গ্রামে নির্বাচন পরবর্তী আনারস সমর্থকের বাড়িতে দুষ্কৃতকারিরা হামলা চালিয়েছে বলে অভিযোগ উঠেছে। এতে উভয়পক্ষের মহিলাসহ ৬ জন রক্তাক্ত জখম হয়েছে । এ ঘটনায় গ্রামবাসি মোটরসাইকেল ভাংচুর করেছে ২ জনকে আটকপূর্বক উত্তম-মধ্যম দিয়ে পুলিশে সোপর্দ করেছে।
আহতদের মধ্যে জাহাঙ্গীর, আওলাদ ও শামীমের অবস্থা গুরুত্বর হওয়ায় তাদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। দর্শনা থানা ও তিতুদহ ক্যাম্প পুলিশ ঘটনাস্থলে পৌছে পরিস্থিতি নিয়ন্ত্রনে নিয়েছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে আড়িয়া গ্রামে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ঘটনাটি ঘটেছে গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে।

বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর জেলা কমিটি অনুমোদন

সাইয়েদাতুন নেছা নয়নকে সভাপতি ও লাইলা আরজুমান্দ বানুকে সাধারণ সম্পাদক করে ১০১ সদস্য বিশিষ্ট বাংলাদেশ জাতীয়তাবাদী মহিলা দল মেহেরপুর জেলা কমিটি অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় কমিটি।

সম্প্রতি জাতীয়তাবাদী মহিলা দলের কেন্দ্রীয় কমিটির সভাপতি আফরোজা আব্বাস ও সাধারণ সম্পাদক সুলতানা আহমেদ এ কমিটি অনুমোদন করেন।

এদিকে নতুন কমিটির সভাপতি সাইয়েদাতুন নেছা নয়ন বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া, কেন্দ্রীয় কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক ও জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে খালেদা জিয়ার মুক্তির আন্দোলনকে বেগবান করার প্রত্যাশা জানান।